সমকাল

তারিখ 01-JAN 2015
পৃষ্ঠা -১৪ কলাম ৫

# বন্দরে নিজ স্কুলের ৪টি কম্পিউটার চুরি করে ধরা পড়ল ২ এসএসসি পরীক্ষার্থী

■ নারায়ণগঞ্জ প্রতিনিধি

নারায়ণগঞ্জের বন্দরে নিজ স্কুলের ৪টি কম্পিউটার চুরি করে দুই এসএসসি পরীক্ষার্থী হাতেনাতে ধরা পড়েছে। চুরি হওয়া ৪টি কম্পিউটারের মধ্যে দুটি ল্যাপটপ এবং দুটি ডেস্কটপ কম্পিউটার ছিল।

বুধবার বিকেলে চুরি করা দুটি ল্যাপটপ বিক্রির সময় সিদ্ধিরগঞ্জের শিমরাইল এলাকার একটি দোকান থেকে রুবেল ও শাকিল নামে ওই দুই শিক্ষার্থীকে হাতেনাতে আটক করে স্কুলের দারোয়ান আউয়াল মিয়া। পরে স্কুল কর্তৃপক্ষকে খবর দিলে তারা এসে ওই দুই শিক্ষার্থীকে আটক করে নিয়ে তাদের বাড়ি থেকে চুরি হওয়া অন্য দুটি ডেস্কটপ উদ্ধার করে। সন্ধ্যায় তাদের বন্দর থানা পুলিশের কাছে হস্তান্তর করে স্কুল কর্তৃপক্ষ। গ্রেফতারকৃত রুবেল বন্দরের উত্তর লক্ষ্মণখোলা এলাকার মৃত আবদুল বারেক মিয়ার ছেলে ও শাকিল একই এলাকার শাহ আলম মিয়ার ছেলে। তারা দু'জনই এসএসসি পরীক্ষার্থী।

গত সোমবার রাতে বন্দরের ঢাকেশ্বরী মিলস উচ্চ বিদ্যালয়ের কম্পিউটার ল্যাবের তালা ভেঙে দুটি ল্যাপটপ ও দুটি ডেস্কটপ কম্পিউটার চুরি হয়। এ ঘটনায় স্কুল কর্তৃপক্ষ স্কুলের দারোয়ান আউয়ালকে ১ লাখ ৮০ হাজার টাকা জরিমানা করে। বুধবার বিকেলে দারোয়ান আউয়াল জানতে পারেন শিমরাইল এলাকার একটি কম্পিউটার দোকানে দুটি ল্যাপটপ বিক্রি করতে গেছে দুই কিশোর। খবর পেয়ে তিনি ওই দোকানে গিয়ে দেখেন স্কুলের এসএসসি পরীক্ষার্থী রুবেল ও শাকিল স্কুল থেকে চুরি হওয়া দুটি ল্যাপটপ ওই দোকানে বিক্রির চেষ্টা করছে।

স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি মোজাম্মেল হক বলেন, স্কুল থেকে চুরি হওয়া ৪টি কম্পিউটারসহ স্কুলের দুই শিক্ষার্থীকে হাতেনাতে আটক করে পুলিশে সোপর্দ করা হয়েছে। তাদের বিরুদ্ধে মামলার প্রস্তুতি চলছে।